প্রশাসন বিভাগ
অতিঃ পরিঃ (প্রশাঃ)
উপ পরিঃ (সংস্থাপন)
উপ পরিঃ ( )
উপ পরিঃ ( )
প্রশাসনিক কর্মকর্তা
পরিচালক
তারিখ- 07 JUN 2022

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সৃজনশীল সেল, সংস্থাপন শাখা, প্রশাসন বিভাগ
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

## ২০২১-২০২২ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ শাখাওয়াত হোসেন<br>মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা |
| সভার স্থান | : | সভাকক্ষ (২য় তলা), খাদ্য অধিদপ্তর, ঢাকা |
| সভার তারিখ | : | ২৯ মে, ২০২২ |
| সভার সময় | : | বেলা ১২.০০ ঘটিকা |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট- 'ক' |

সভাপতি জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো, ২০২১-২০২২ বাস্তবায়নকল্পে খাদ্য অধিদপ্তরের নৈতিকতা কমিটির ৪র্থ সভায় অংশগ্রহণকারী সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনার জন্য শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা অতিরিক্ত পরিচারক, প্রশাসন বিভাগ-কে আহ্বান জানান। তদানুযায়ী শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্যসূচিসমূহ পর্যায়ক্রমে তুলে ধরলে সভায় তা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচ্যসূচি অনুসারে নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ |
|---|---|---|---|---|
| ০১ | খাদ্য অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ প্রণয়ন/ সংশোধন সম্পর্কিত আলোচনা। | ক। কর্ম-পরিকল্পনার কার্যক্রম নং ১.৪ এ উল্লিখিত শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। | প্রতি কোয়ার্টারে প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা প্রতি ব্যাচ এ ২০ জনের পরিবর্তে ন্যূনতম ৩০ জন নির্ধারণ করতে হবে। | পরিচালক, প্রশিক্ষণ বিভাগ |
| | | খ। কার্যক্রম ৩.২ এর "খাদ্য অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে দুর্নীতি প্রতিরোধে করণীয় বিষয়ক প্রশিক্ষণ" নিয়ে আলোচনা করা হয়। | প্রশিক্ষণের পরিবর্তে **"খাদ্য অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে দুর্নীতি প্রতিরোধে করণীয় বিষয়ক বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা"** আয়োজন করতে হবে। | পরিচালক, প্রশিক্ষণ বিভাগ |
| | | গ। কার্যক্রম নং ৩.২ এ উল্লিখিত "নৈতিকতা ও দুর্নীতি প্রতিরোধ সম্পর্কিত পোস্টার/লিফলেট/স্টিকার প্রস্তুত ও বিতরণ" এর বিকল্প কার্যক্রম গ্রহণ সংক্রান্ত আলোচনা অনুষ্ঠিত হয়। | উক্ত কার্যক্রমের বিকল্প হিসেবে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যকর একটি কার্যক্রম গ্রহণ করতে হবে। | নৈতিকতা কমিটি ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট |
| ০২ | খাদ্য অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ এর ৪র্থ কোয়ার্টার বাস্তবায়ন অগ্রগতি। | ক। **কার্যক্রম নং ১.৩:** সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন বিষয়ে আলোচনা করা হয়। | পউকা বিভাগ এর সুপারিশ অনুযায়ী সংশ্লিষ্টতা বিবেচনায় নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট কর্তৃক লক্ষমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে সভার আয়োজন করত: অগ্রগতি প্রতিবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট |
| | | খ। **কার্যক্রম নং ১.৪:** শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনে কোয়ার্টার ভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ অনুষ্ঠানের বিষয়ে আলোচনা করা হয়। | প্রতি কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ আয়োজন সম্পন্ন করতে হবে। | পরিচালক, প্রশিক্ষণ বিভাগ |
| | | গ। **কার্যক্রম নং ১.৫:** সভায় কর্ম-পরিবেশ উন্নয়ন বিষয়ক লক্ষ্যমাত্রা অনুযায়ী "অকেজো মালামাল বিনষ্টকরণ" ও "অচল যানবাহন বিক্রি"র বিষয়ে আলোচনা হয়। | লক্ষ্যমাত্রা অর্জন সম্পন্ন করতে যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। | পরিচালক, সরবি বিভাগ ও চসসা বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ঘ। **কার্যক্রম নং ১.৮:** শুদ্ধাচার পুরস্কার বাছাই কমিটি কর্তৃক ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করার নিমিত্ত পুরস্কার বাছাই কমিটির সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | যথা সময়ে শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে আপলোড করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট |
| | | ঙ। **কার্যক্রম নং ২.৪:** সমাপ্ত প্রকল্পের গাড়ি বিধি মোতাবেক হস্তান্তর এবং অন্যান্য সরঞ্জামাদি অনুমোদন সাপেক্ষে ব্যবহার করার বিষয়ে আলোচনা করা হয়। | "১.০৫ লক্ষ মে. টন ধারণ ক্ষমতা সম্পন্ন নতুন খাদ্য গুদাম নির্মাণ প্রকল্প" এবং "দেশের বিভিন্ন স্থানে বসবাসরত দরিদ্র, অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং দুর্যোগপ্রবণ এলাকার জনগোষ্ঠীর নিরাপদ খাদ্য সংরক্ষণের জন্য হাউজহোল্ড সাইলো সরবরাহ প্রকল্প" এর গাড়ি ও অন্যান্য সরঞ্জামাদি দ্রুততম সময়ে মন্ত্রণালয়ে জমাপ্রদান/ব্যবহারের প্রস্তাব প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| | | চ। **কার্যক্রম নং ৩.১:** সভায় "খাদ্য অধিদপ্তর, প্রধান কার্যালয় কর্তৃক খাদ্য অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের দপ্তরসমূহকে প্রদানকৃত সেবা সম্পর্কে মাঠ পর্যায়ের দপ্তরসমূহ হতে ফিডব্যাক গ্রহণ" সংক্রান্ত আলোচনা করা হয়। | আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরসমূহ হতে ফিডব্যাক পত্র গ্রহণ করে খাদ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পরিচালক, প্রশাসন বিভাগ/শুদ্ধাচার ফোকাল পয়েন্ট |
| | | ছ। **কার্যক্রম নং ৩.২:** নৌ-যানে খাদ্যশস্য পরিবহন ট্র্যাকিং বিষয়ক কার্যক্রমটি বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। | মেজর ক্যারিয়ার চট্টগ্রামের তালিকাভুক্ত ৮টি ঠিকাদারের ২৫টি জাহাজে ট্র্যাকিং ডিভাইস স্থাপনের কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করতে হবে এবং বাস্তবায়নের স্বপক্ষে যথাযথ প্রমাণক খাদ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পরিচালক, চসসা বিভাগ/শুদ্ধাচার ফোকাল পয়েন্ট |
| | | জ। **কার্যক্রম নং ৩.৩:** সভায় স্মার্ট অফিস আইডি কার্ড প্রদান বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা হয়। | খাদ্য অধিদপ্তরাধীন সকল কর্মকর্তা/ কর্মচারীকে স্মার্ট অফিস-আইডি- কার্ড নির্ধারিত সময়ের মধ্যে বিতরণ সম্পন্ন করতে হবে। | সিস্টেম এনালিস্ট/ পরিচালক, প্রশাসন বিভাগ |
| | | ঝ। **কার্যক্রম নং ৩.৪:** খাদ্য অধিদপ্তরের প্রধান কার্যালয়ে ডিজিটাল এক্সেস কন্ট্রোল সিস্টেম বাস্তবায়ন বিষয়ক আলোচনা অনুষ্ঠিত হয়। | নির্ধারিত সময়ে খাদ্য ভবনের প্রধান প্রবেশ পথে ডিজিটাল এক্সেস কন্ট্রোল সিস্টেম স্থাপন সম্পন্ন করতে হবে এবং ডিজিটাল সিস্টেমে নিরাপত্তা নিশ্চিত করত: প্রবেশাধিকার নিয়ন্ত্রণে যথোপযুক্ত ব্যবস্থাপনা বাস্তবায়ন করতে হবে। | সিস্টেম এনালিস্ট/ পরিচালক, প্রশাসন বিভাগ |

০৩। নৈতিকতা কমিটির অনুমোদনক্রমে উক্ত সভার সিদ্ধান্তসমূহ গৃহীত হয়। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে আন্তরিক প্রচেষ্টা গ্রহণের অনুরোধসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মোঃ শাখাওয়াত হোসেন
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন-০২২২৩৩৫৪৮৩৪
dg@dgfood.gov.bd

৩

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৩১.১৬.০০২.২১ ২৯৯ (১৮)

তারিখ: ৩১/০৫/২০২২খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে-

০১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

০৩। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

০৪। প্রকল্প পরিচালক, সারাদেশে পুরাতন খাদ্য গুদাম ও আনুষঙ্গিক সুবিধাদির মেরামত এবং নতুন অবকাঠামো নির্মাণ/খাদ্যশস্যের পুষ্টিমান নিশ্চিত করার লক্ষ্যে প্রিমিক্স কার্নেল মেশিন ও ল্যাবরেটরী স্থাপন এবং অবকাঠামো নির্মাণ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

০৫-১১। পরিচালক, প্রশাসন/সরবি/চসসা/পউকা/সংগ্রহ/প্রশিক্ষণ/হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

১২। প্রকল্প পরিচালক, ১.০৫ লক্ষ মে. টন ধারণ ক্ষমতা সম্পন্ন নতুন খাদ্য গুদাম নির্মাণ প্রকল্প, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

১৩। প্রকল্প পরিচালক, আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্প, প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৭), ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।

১৪। প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), দেশের বিভিন্ন স্থানে বসবাসরত দরিদ্র, অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং দুর্যোগপ্রবণ এলাকার জনগোষ্ঠীর নিরাপদ খাদ্য সংরক্ষণের জন্য হাউজহোল্ড সাইলো সরবরাহ প্রকল্প, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

১৫-১৬। অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ/এমআইএস এন্ড এম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

১৭। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১৮। অফিস কপি।

৩১/০৫/22

আবু নঈম মোহাম্মদ সফিউল আলম
অতিরিক্ত পরিচালক, প্রশাসন বিভাগ